গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
শ্রম অধিদপ্তর
উন্নয়ন, পরিকল্পনা ও পরিসংখ্যান শাখা

# ১০ম PIC সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | গৌতম কুমার, মহাপরিচালক ,শ্রম অধিদপ্তর।<br>মহাপরিচালক |
| সভার তারিখ | ৩১/০৭/২০২১ খ্রি: |
| সভার সময় | বিকাল ১১.০০ ঘটিকা |
| স্থান | ভার্চুয়াল (Zoom) মাধ্যম। |
| উপস্থিতি | তালিকা পরিশিষ্ট ‘ক’তে- সংযুক্ত। |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা আরম্ভ করেন। তিনি “রপ্তানিমুখী তৈরি পোশাক, চামড়া জাতপণ্য ও পাদুকা শিল্পের কর্মহীন হয়েপড়া ও দুঃস্থ শ্রমিকদের সামাজিক সুরক্ষা কার্যক্রম বাস্তবায়ন নীতিমালা ২০২০” এর সফল বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলকে একযোগে কাজ করার আশাবাদ ব্যক্ত করে বক্তব্য রাখেন। সভাপতির অনুমতি ক্রমে কমিটির সদস্য সচিব জনাব মোঃ আবু আশরীফ মাহমুদ১০মPIC সভার প্রণীত কার্যপত্র সভায় উপস্থাপন করেন।প্রথমেই সভায় বিগত ৯মPIC সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয় এবংPIC কর্তৃকগৃহীত সামাজিক সুরক্ষা কার্যক্রমের বর্তমান অগ্রগতি কমিটির সদস্য সচিব কর্তৃক পাওয়ার পয়েন্টে উপস্থাপন করা হয়। অতঃপর সভায় গদ সহায়তা প্রদান যোগ্য নতুন উপকার ভোগীদের সংখ্যা বৃদ্ধির লক্ষ্যে শ্রমঅধিদপ্তর কর্তৃক প্রস্তাবিত পলিসি গাইডলাইন রিভিউ এবং নগদ সহায়তা প্রদানযোগ্য নতুন উপকার ভোগীদের তালিকা অনুমোদন ও কোন মাসের নগদ সহায়তা প্রদান করা হবে এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। অদ্য সভার আলোচ্য সূচীমতে নিম্নরূপ বিস্তারিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রমিকনং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ১। | পলিসি গাইড লাইন রিভিউ | ইতোমধ্যে, বাস্তবায়ন কমিটির ৯ম সভার সিদ্ধান্ত মতে নগদ সহায়তা প্রদানযোগ্য নতুন উপকার ভোগীর সংখ্যা বৃদ্ধির লক্ষ্যে বাস্তবায়ন নীতি মালা রিভিউ এর জন্য PIC এর ৭ জন সদস্যের সমন্বয়ে একটি কমিটি গঠন করা হয়েছে। কমিটির সদস্যদের নিকট শ্রম অধিদপ্তরের সংশ্লিষ্ট কর্মকর্তা গণ কর্তৃক প্রণীত গাইড লাইন রিভিউএর একটি খসড়া সদস্যদের মতামতের জন্য প্রেরণ করা হলে শিল্প সংগঠনের প্রতিনিতি গণ মুখোমুখী বসে এ বিষয়ে মতামত দিবেন বলে প্রতি উত্তরে জানান। সভায়এ বিষয়ে বক্তব্য পেশের জন্য সদস্যদের দৃষ্টি আকর্ষণ করা হলে বিজিএমইএ’ র প্রতিনিধি জনাব এ.কে.এম মামুনুর রশিদ জানান, শুধু পলিসি গাইড লাইন রিভিউ নিয়ে একটি face to face সভা হলে এ বিষয়ে সিদ্ধান্ত নিতে অধিকতর সহজ হবে।বিকে এম ই এ’র প্রতিনিধি জনাব ফজলে শামীমএহসান ও এল এফ এম ই এবি’র প্রতিনিধি কাজী রওশন আরা এ বিষয়ে একই মত দেন।উক্ত প্রস্তাবের সঙ্গে একমত প্রকাশ করে মাননীয় সংসদ সদস্য বেগম শামসুন নাহার চলমান লকডাউন শেষে যতদ্রুত সম্ভব এ সভা আয়োজন করে সিদ্ধান্ত গ্রহণের পক্ষে মত দেন।সভায় উপস্থিত ইউরোপীয় ইউনিয়নের প্রতিনিধিMr. Koen Everaert পলিসি রিভি উদ্ভুত সম্পন্ন করা প্রয়োজন বলে মত দেন। সভায় উপস্থিত সকলেই এ বিষয়ে একমত পোষণ করেন। | চলমান লকডাউন শেষ হওয়ার ১ সপ্তাহের মধ্যে শারীরিক দূরত্ব বজায় রেখে ও স্বাস্থ্য বিধি মেনে পলিসি গাইড লাইন রিভিউ নিয়ে একটি face to face সভা আয়োজন করা হবে। |

| | | | |
|---|---|---|---|
| ২। | উপকার ভোগী ভেরিফিকেশন ও অনুমোদন | **ক) বিজি এম ই এ কর্তৃক উপকার ভোগীর তথ্য ভেরিফিকেশনঃ**<br>সভার এ পর্যায়ে কমিটির সদস্য সচিব বিজি এম ই এ কর্তৃক প্রেরিত উপকার ভোগীর তথ্য ভেরিফিকেশন ফলাফল পাওয়ার পয়েন্টে উপস্থাপন করেন। উক্ত ফলাফলে দেখা যায়, বিজিএমইএ'র আওতাধীন কয়েকটি কারখানার মোট ২২৪ জন কর্মহীন শ্রমিকের আপলোড কৃত তথ্য বিজিএমই এ কর্তৃক ভেরিফিকেশন হয়ে পিআইসি সভায় উপস্থাপন করা হয়েছে। বিজিএমইএ সুত্রে জানা যায়, উক্ত ২২৪ জন শ্রমিকের মধ্যে কর্মহীন আছেন মোট ৯৮ জন এবং বাকীদের কেউ কর্মে নিযুক্ত হয়ে গেছেন, কেউ ফোন ধরছেন না বা কারো ফোন নম্বর ভুল। এ বিষয়ে বিজিএমইএ'র প্রতিনিধি জনাব এ.কে.এম মামুনুর রশিদের দৃষ্টি আকর্ষণ করা হলে তিনি সভা কে জানান যে, ২২৪ জন উপকার ভোগীর আবেদন যাচাই বাছাই করে মোট ৯৮ জন বৈধ কর্মহীন শ্রমিক পাওয়া গেছে যাদেরকে সেপ্টেম্বর, অক্টোবর ও নভেম্বর ২০২০ এর আওতায় এই নগদ সহায়তা প্রদান করা যেতে পারে।<br>**খ) বিকেএমইএ কর্তৃক উপকার ভোগীর তথ্য আপলোডঃ**<br>বিকেএমইএ'র আওতাধীন ৩টি বন্ধ কারখানার কর্মহীন শ্রমিকের তথ্য আপলোডের হালনাগাদ অবস্থা সম্পর্কে জানাতে বিকেএমইএ প্রতিনিধিকে অনুরোধ করা হলে তিনি সভা কে জানান যে, ৩ টি বন্ধ কারখানার কমবেশি ৪৫০০ জন শ্রমিকের তথ্য MIS এ আপলোড করা হচ্ছে। একজন একজন করে আপলোড করতে হচ্ছে বিধায় অধিক সময় লাগছে। তিনি সভাকে জানান যে, পরবর্তী PIC সভার আগে আংশিক তথ্য আপলোড সম্পন্ন হবে এবং তা ভেরিফাই করে PIC এর অনুমোদনের জন্য পেশ করা হবে। | ক) ৯৮ জন বৈধ কর্মহীন শ্রমিক কে সেপ্টেম্বর, অক্টোবর ও নভেম্বর ২০২০ এর আওতায় নগদ সহায়তা প্রদান করার জন্য অনুমোদন করা হলো।<br>খ) বিকে এমইএ'র আওতাধীন বন্ধ কারখানার যে সংখ্যক কর্মহীন শ্রমিকের তথ্য MIS এ আপলোড সম্পন্ন হবে যাচাই সাপেক্ষে তাদের নগদ সহায়তা প্রদানের জন্য PIC এর অনুমোদন দেয়া হবে। |
| ৩। | শ্রম অধিদপ্তরের মাঠপর্যায়ের অফিসিয়ালদের MISএর উপর দক্ষতা বৃদ্ধিতে প্রশিক্ষণ | সভার আলোচক বৃন্দ সামাজিক সুরক্ষা কার্যক্রমের প্রশিক্ষণ অগ্রগতি নিয়ে আলোচনা করেন। যেহেতু সমস্ত প্রক্রিয়া MIS এর মাধ্যমে সম্পন্ন করা হয় সেহেতু কারখানা, শিল্প সংগঠন ও শ্রম অধিদপ্তরের মাঠ পর্যায়ের কর্মী ও প্রতিনিধিদের দক্ষতা উন্নয়নের জন্য বিভিন্ন উপযোগী প্রশিক্ষণ প্রয়োজন। এ বিষয়ে ইউরোপীয় ইউনিয়নের প্রতিনিধি Ms. Kishower Amin জানতে চান প্রশিক্ষণ কিভাবে হবে এবং লকডাউন থাকা কালীন ভার্চুয়াল প্রশিক্ষণ হবে কিনা।এ বিষয়ে শ্রমিক প্রতিনিধি জনাব সিরাজুল ইসলাম রনি ভার্চুয়াল প্রশিক্ষনের চেয়ে হাতে কলমে প্রশিক্ষণ বেশি ফল প্রসু হবে মর্মে মতদেন। | MIS এর উপর দক্ষতা বৃদ্ধিতে প্রয়োজনমত বিভিন্ন বিষয়ে মুখোমুখী/ভার্চুয়ালি প্রশিক্ষনের ব্যবস্থা করা হবে। |

সভাপতি সামাজিক সুরক্ষা কার্যক্রম টিকে শ্রমিক বান্ধব করার আশাবাদ ব্যক্ত করেন এবং আর কোন আলোচনা না থাকায় সভায় উপস্থিত সকলের অংশগ্রহণ ও মতামত প্রদানের জন্য বিশেষ ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

গৌতম কুমার, মহাপরিচালক ,শ্রম অধিদপ্তর।
মহাপরিচালক

স্মারক নম্বর: ৪০.০২.০০০০.০৩৭.১৬.০০২.২০.১৪৭

তারিখ: ২৭ শ্রাবণ ১৪২৮
১১ আগস্ট ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) বেগম শামসুন নাহার, মাননীয় সংসদ সদস্য (নির্বাচনী এলাকাঃ ৩১৩ মহিলা আসন-১৩),

২) অতিরিক্ত সচিব, সামষ্টিক অর্থনীতি অনুবিভাগ, অর্থ বিভাগ

৩) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালক এর দপ্তর, শ্রম অধিদপ্তর

৪) অতিরিক্ত মহাপরিদর্শক, অতিরিক্ত মহাপরির্দশকের দপ্তর, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর

৫) প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় মাননীয় প্রতিমন্ত্রীর মহোদয়ের সদয় অবগতির জন্য)

৬) প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, সমন্বয় শাখা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

৭) উপসচিব, সমন্বয় শাখা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

৮) পরিচালক, পরিচালক (প্রশাসন, হিসাব ও সাধারণ), শ্রম অধিদপ্তর

৯) চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা

১০) জনাব মোঃ শফিকুল ইসলাম, অডিও ভিজ্যুয়াল অফিসার, শ্রম শ্রধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা

১১) হিসাব রক্ষণ কর্মকর্তা, হিসাব শাখা, শ্রম অধিদপ্তর

১২) সভাপতি, বিজিএমইএ

১৩) সভাপতি, বিকেএমইএ

১৪) সভাপতি, এলএফএমইএবি

১৫) চেয়ারম্যান, বিএফএলএলএফইএ

১৬) জনাব এ.কে.এম মামুনুর রশিদ, যুগ্ম সচিব, (এসডিপি) (বিজিএমইএ)

১৭) জনাব ফজলে শামীম এহসান, সাবেক সহ সভাপতি (বিকেএমইএ)

১৮) জনাব কাজী রওশন আরা, নির্বাহী পরিচালক (এলএফএমইএবি)

১৯) জনাব মোঃ জয়নাল আবেদীন, সচিব (বিএফএলএলএফইএ)

২০) Mr Koen Everaert, Second Secretary/Team Leader, Food and Nutrition Security and Sustainable Development of the European Union to Bangladesh

২১) EL HAROUCHI Meriem, EEAS- Dhaka

২২) Program Manager Social Protection

২৩) Kishower Amin, Program Manager, European Union

২৪) Ms. Rosalynn Khan, Project Coordinator, KFW

২৫) Mr. Andrew Kettlewell, Consultant (Social Security Reforms in Bangladesh)

২৬) Ms. Shaila Rahman,Senior Consultant , TA SSSR

২৭) সহকারী পরিচালক, সাধারণ শাখা, শ্রম অধিদপ্তর

২৮) সহকারী পরিচালক , তথ্য প্রযুক্তি ও উন্নয়ন সেল , শ্রম অধিদপ্তর, (ওয়েব সাইটে প্রচারের অনুরোধসহ)

২৯) হিসাব রক্ষণ কর্মকর্তা, হিসাব শাখা, শ্রম অধিদপ্তর

৩০) হিসাব রক্ষণ কর্মকর্তা, হিসাব শাখা, শ্রম অধিদপ্তর

৩১) জনাব আবুল কালাম আজাদ, সভাপতি, ট্যানারি শ্রমিক ইউনিয়ন

৩২) জনাব সিরাজুল ইসলাম রনি, সভাপতি, বাংলাদেশ জাতীয় গার্মেন্টস শ্রমিক কর্মচারী লীগ

৩৩) অফিস কপি।



গৌতম কুমার
মহাপরিচালক